



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পররাষ্ট্র মন্ত্রণালয়  
পশ্চিম এশিয়া অনুবিভাগ  
ঢাকা



১০ নভেম্বর ২০২১

নং ১৯.০০.০০০০.৪৬৫.১০.৬০৩(২).২১/৬৫৩

প্রেরকঃ জিকরুল হাসান ফাহাদ  
সিনিয়র সহকারী সচিব (পশ্চিম এশিয়া)  
পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

প্রাপকঃ জনাব মোঃ শাহরিয়ার আলম, এমপি  
মাননীয় পররাষ্ট্র প্রতিমন্ত্রী  
পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

বিষয়ঃ সংযুক্ত আরব আমিরাতে উপ-রাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী ও প্রতিরক্ষা মন্ত্রীর আমন্ত্রণে মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি হিসেবে অংশগ্রহণের জন্য দুবাইতে অনুষ্ঠিতব্য ১৭তম “Dubai Air Show 2021”-তে মাননীয় পররাষ্ট্র প্রতিমন্ত্রীর ১২-১৮ নভেম্বর ২০২১ তারিখ পর্যন্ত সংযুক্ত আরব আমিরাতে-এ সরকারী সফরের প্রশাসনিক মঞ্জুরি জ্ঞাপন।

উপর্যুক্ত বিষয়ে নিম্নস্বাক্ষরকারী নির্দেশিত হয়ে, সংযুক্ত আরব আমিরাতে উপ-রাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী ও প্রতিরক্ষা মন্ত্রীর আমন্ত্রণে মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি হিসেবে অংশগ্রহণের জন্য দুবাইতে অনুষ্ঠিতব্য ১৭তম “Dubai Air Show 2021”-তে মাননীয় পররাষ্ট্র প্রতিমন্ত্রীর অনুকূলে ১২-১৮ নভেম্বর ২০২১ তারিখ পর্যন্ত সংযুক্ত আরব আমিরাতে-এ সরকারী সফরের প্রশাসনিক মঞ্জুরি জ্ঞাপন করছে।

২। উল্লিখিত সরকারি সফরের জন্য মাননীয় পররাষ্ট্র প্রতিমন্ত্রী ১২ নভেম্বর ২০২১ অথবা এর নিকটবর্তী সময়ে যুক্তরাজ্য হতে সংযুক্ত আরব আমিরাতে-এর উদ্দেশ্যে যাত্রা করবেন এবং ১৮ নভেম্বর ২০২১ অথবা এর নিকটবর্তী সময়ে ঢাকা-এর উদ্দেশ্যে সংযুক্ত আরব আমিরাতে ত্যাগ করবেন।

৩। সফরকালীন সময়ে তিনি সরকারি কাজে কর্তব্যরত আছেন বলে গণ্য হবেন এবং তাঁর বেতন-ভাতার কোন অংশ বৈদেশিক মুদ্রায় প্রাপ্য হবেন না। উক্ত ভ্রমণ সংশ্লিষ্ট ব্যয় বিধি অনুযায়ী পররাষ্ট্র মন্ত্রণালয়ের ২০২১-২০২২ অর্থ বছরের বাজেট বরাদ্দের সংশ্লিষ্ট খাত (অর্থনৈতিক কোড ১১৮০১০১-১০৪১২৫-৩২৪৪১০১) হতে নির্বাহ করা হবে।

৪। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

- স্বাক্ষর :-

জিকরুল হাসান ফাহাদ  
সিনিয়র সহকারী সচিব (পশ্চিম এশিয়া)  
ফোন-২২৩৩৮৭৯০০  
ইমেইল: as.wa1@mofa.gov.bd

নং ১৯.০০.০০০০.৪৬৫.১০.৬০৩(২).২১/৬৫৩

১০ নভেম্বর ২০২১

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

- ১। মহাপরিচালক (প্রশাসন/পশ্চিম এশিয়া/এফএসও), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ২। পরিচালক (এফএমও/এসএমও/সংস্থাপন/অর্থ/রাষ্ট্রাচার উপ-প্রধান (সফর), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। চিফ একাউন্টস এন্ড ফাইন্যান্স অফিসার (পররাষ্ট্র বিষয়ক), ১ম ১২ তলা সরকারী অফিস ভবন (৯ম তলা), সেগুনবাগিচা, ঢাকা।
- ৪। সহকারী সচিব (সংস্থাপন-১/ বাজেট/ তহবিল/হিসাব, পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। সহকারী সচিব (আইসিটি), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ সহ)।
- ৬। এস এস (ইমিগ্রেশন), হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা।
- ৭। বাংলাদেশ দূতাবাস, আবুধাবী, সংযুক্ত আরব আমিরাতে।
- ৮। বাংলাদেশ কণসুলেট জেনারেল, দুবাই, সংযুক্ত আরব আমিরাতে।
- ৯। অফিস কপি।

স্বাক্ষর  
২০.১১.২১

জিকরুল হাসান ফাহাদ  
সিনিয়র সহকারী সচিব (পশ্চিম এশিয়া)